দৈনিক সংবাদ

তারিখ MAR 16 1999
পৃষ্ঠা ১ কলাম ১

561

# ...শ্ববিদ্যালয়ে ...ঙ্গবন্ধু চেয়ার উদ্বোধন আজ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ মঙ্গলবার 'বঙ্গবন্ধু চেয়ার' উদ্বোধন করতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন।

জাতীয়তাবাদী ছাত্রদল তার আগমনকে প্রতিহত করার ঘোষণা দিয়ে ধর্মঘট ডেকেছে। ছাত্রলীগ প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে কর্মসূচি নিয়েছে।

প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে ক্যাম্পাস এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। গতকাল থেকেই ক্যাম্পাস এলাকার বিভিন্ন মোড়ে বেবিট্যাক্সি, রিকশা ও যাতায়াতকারীদের থামিয়ে তল্লাশি করা হচ্ছে।

প্রধানমন্ত্রী ক্যাম্পাসে যাবেন সকাল ১০টায়। 'বঙ্গবন্ধু চেয়ার' উদ্বোধন উপলক্ষে টিএসসিতে আয়োজিত এ অনুষ্ঠানে

আজ ঃ পৃঃ ১১ কঃ ৫

## আজ ঃ উদ্বোধন

(১ম পৃষ্ঠার পর)

সভাপতিত্ব করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরী। ধন্যবাদ বক্তৃতা করবেন উপ-উপাচার্য অধ্যাপক ডঃ শাহাদত আলী।

বাংলাদেশ ছাত্রলীগ প্রধানমন্ত্রীর আগমনকে স্বাগত জানিয়ে ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করবে। সংগঠনের সভাপতি বাহাদুর বেপারী এবং সাধারণ সম্পাদক অজয়কর খোকন এক যুক্ত বিবৃতিতে এ কর্মসূচিতে যোগদানের জন্য আহ্বান জানিয়েছেন।

গতকাল সোমবার দুপুরে বিক্ষোভ মিছিলসহ ক্যাম্পাস প্রদক্ষিণশেষে কলাভবনের মূল গেটে ছাত্রদলের প্রতিবাদ সমাবেশে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন। বক্তৃতা করেন কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক নাসিরউদ্দিন পিন্টু, মজুর এলাহী, এবিএম মোশাররফ হোসেন, মোজাফফর হোসেন জাকির প্রমুখ।